# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**11-05-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটে সোমনাথ অমৃত পর্বে যোগ দিয়ে বলেছেন, এই অনুষ্ঠান অতীতের উদযাপন নয়, বরং পরবর্তী হাজার বছরের অনুপ্রেরণা হয়ে থাকবে।

২) পশ্চিমএশিয়ায় সঙ্কটের মধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে শক্তিশালী করার উদ্যোগে অংশীদার হওয়ার জন্য দেশবাসীর প্রতি ৭টি আবেদন জানিয়েছেন।

#বৈদেশিক মুদ্রার ব্যয় কমাতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন, কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ।

৩) পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ প্রথম মন্ত্রিসভার বৈঠকে এক গুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ থেকেই আয়ুষ্মান ভারত প্রকল্পে যুক্তহচ্ছে রাজ্য, ৪৫ দিনের মধ্যে বি এস এফ কে সীমান্তে কাঁটাতারের জন্য দেওয়া হবে জমি। রাজ্যে আজ থেকেই শুরু হচ্ছে জনগণনার কাজ

৪) তামিলনাড়ুতে নবনির্বাচিত বিধানসভার অধিবেশন আজ বসেছে।

৫) কেন্দ্র, বিকশিত ভারত গ্রামীণ কর্মনিশ্চয়তা এবং আজীবিকা মিশন - ভি বি জি রাম জি আইন ২০২৫ বাস্তবায়নের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে।

৬) আই পি এল ক্রিকেটে আজ পাঞ্জাব কিংস, দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সোমনাথ অমৃত মহোৎসবে অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, সোমনাথ অমৃত পর্ব শুধুমাত্র অতীত উদযাপনের উৎসব নয়, আগামী এক হাজার বছর ধরে দেশকে অনুপ্রাণিত করার এক গুরুত্বপূর্ণ অধ্যায়ও বটে।

প্রধানমন্ত্রী আজকের দিনের গুরুত্বও তুলে ধরেন। তিনি বলেন, এই দিনেই দেশের প্রথম তিনটি পারমাণবিক পরীক্ষা হয়েছিল এবং ভারতীয় বিজ্ঞানীরা বিশ্বের সামনে দেশের সক্ষমতার প্রমাণ দিয়েছিলেন। তাঁর মতে, সেই পরীক্ষাগুলি বিশ্বকে দেখিয়ে দিয়েছিল ভারতের রাজনৈতিক ইচ্ছাশক্তি কতটা দৃঢ় ও অটল।

আজ পুনর্নির্মিত সোমনাথ মন্দিরের উদ্বোধনের ৭৫ বছর পূর্তি উপলক্ষে প্রথম জ্যোতির্লিঙ্গ সোমনাথ মহাদেব মন্দিরে মহাপুজো দেন প্রধানমন্ত্রী। তিনি মন্দিরের কুম্ভাভিষেক অনুষ্ঠানেও অংশ নেন। মন্দিরের ইতিহাসে এই প্রথম ১১টি তীর্থস্থানের পবিত্র জল ব্যবহার করে চূড়ায় জলাভিষেক করা হয়। পাশাপাশি পতাকা উত্তোলন হয়। এই উপলক্ষে ভারতীয় বিমান বাহিনীর একটি এয়ার শো-এর আয়োজন করা হয়। পরে একটি বিশেষ প্রদর্শনীও ঘুরে দেখেন প্রধানমন্ত্রী।

এর আগে সকালে প্রভাস পাটনে পৌঁছে হামিরজি গোহিল সার্কেল পর্যন্ত প্রায় এক কিলোমিটার দীর্ঘ রোডশো করেন প্রধানমন্ত্রী। তিনি সর্দার বল্লভভাই প্যাটেলের মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় সঙ্কটের মধ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতকে শক্তিশালী করার উদ্যোগে অংশীদার হওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। হায়দ্রাবাদে গতকাল এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের কাছে ৭ টি আবেদন জানান। শ্রী মোদী, নাগরিকদের গণপরিবহন এবং গাড়ীর জন্য আমদানিকৃত জ্বালানির ব্যবহার কমিয়ে বৈদেশিক মুদ্রা সংরক্ষণে সহায়তা করার আহ্বান জানিয়েছেন। পশ্চিম এশিয়ায় সংঘাত এবং হরমুজ প্রণালীতে অবরোধ অব্যহত থাকার কারণে

আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল পিছু ১-শো ডলার ছাড়িয়ে গেছে। এহেন পরিস্থিতির মধ্যেই প্রধানমন্ত্রীর এই আবেদন।

(বাইট – প্রধানমন্ত্রী)

উল্লেখ্য, গত মাসে অপরিশোধিত তেলের দাম ৫২ সপ্তাহের মধ্যে সর্বোচ্চ ব্যরেল পিছু ১২৬ ডলারে পৌঁছে যায়।

প্রধানমন্ত্রী মোদী এই পরিস্থিতিতে অপ্রয়োজনীয় খরচের দিকটি পুনর্বিবেচনা করতে এবং এক বছরের জন্য বিদেশ ভ্রমণ এড়িয়ে চলার আহ্বান জানিয়েছেন। এই সময়কালে বিদেশে ডেস্টিনেশন ওয়েডিং পরিকল্পনা না করতে এবং অত্যধিক সোনা কেনার প্রবণতা কমানোর কথাও বলেছেন তিনি। শ্রী মোদী, ফের একবার ওয়ার্ক ফ্রম হোম চালু করার আবেদন জানান। এছাড়াও রানায় ভোজ্য তেলের ব্যবহার এবং কৃষিকাজের জন্য বিদেশ থেকে আমদানী করা রাসায়নিক সার ব্যবহারে কাটছাঁট করার আবেদন জানিয়েছেন প্রধানমন্ত্রী। ভোকাল ফর লোকালের ভাবনায় জোর দিয়ে শ্রী মোদী, ২০৪৭ এর মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্য পূরণ করতে জৈব চাষ এবং আত্মনির্ভরতা বাড়িয়ে তোলার ওপর জোর দেন।

oooooooooooooooooooooo

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, চলতি আন্তর্জাতিক অস্থিরতার প্রেক্ষিতে নাগরিক ও ব্যবসায়ীদের কাছে বৈদেশিক মুদ্রা প্রয়োজন হয় এমন খাতে ব্যয় কমানোর আহ্বান জানিয়েছেন। নতুন দিল্লীতে আজ সি আই আই-এর বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে শ্রী বৈষ্ণো বলেন,পশ্চিম এশিয়ায় সংঘাত এখনও চলছে এবং দ্রুত সমাধানের সম্ভবনা খুবই কম। ফলে অর্থনৈতিক ক্ষেত্রে দেশকে এই মুহুর্তে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। জনগনকে নিজেদের জীবনে বৈদেশিক মুদ্রার ব্যবহার কমানোর ওপর জোর দেন তিনি। একই সঙ্গে বৈদেশিক মুদ্রার আয় বাড়ানোর পক্ষেও সওয়াল করেছেন মন্ত্রী। দেশের অর্থনৈতিক পরিস্থিতি জোরদার করতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি।

(বাইট—অশ্বিনী)

oooooooooooooooooooooo

ফুজাইরা বন্দর দিয়ে ভারতীয়দের সরিয়ে আনার বিষয়ে ভারত এবং সংযুক্ত আরব-আমীরসাহী একটি চুক্তি স্বাক্ষর করেছে বলে যে খবর সংবাদ মাধ্যমে প্রচারিত হচ্ছে বিদেশ মন্ত্রক তা ভুয়ো বলে খারিজ করে দিয়েছে। মন্ত্রক জানিয়েছে, এভাবে ভারতীয়দের সরিয়ে আনার কোন পরিকল্পনা তাদের নেই। ভুল এবং ভিত্তিহীন তথ্যে বিশ্বাস না করার জন্য দেশবাসীর কাছে আবেদন জানানো হয়েছে।

oooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় মার্কিন-ইরান সংঘর্ষে শান্তি চুক্তি ক্ষেত্রে ইরানের সর্বশেষ প্রস্তাব গ্রহণযোগ্য নয় বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সমাজমাধ্যমের এক বার্তায়, প্রেসিডেন্ট ট্রাম্প জানিয়েছেন, ইরানের প্রতিনিধিদলের কাছ থেকে পাওয়া প্রস্তাবটি কোনভাবেই তাঁর সঠিক বলে মনে হয়নি। এর আগে গতকাল, ইরান, পশ্চিম এশিয়ার সংঘাতের অবসানের লক্ষ্যে যুক্তরাষ্ট্রের সর্বশেষ প্রস্তাবের জবাবে তাদের প্রতিক্রিয়া পাঠিয়েছিল। মধ্যস্থতাকারী পাকিস্তানের হাত দিয়ে এই প্রতিক্রিয়াটি পাঠানো হয়।

ইরানের সংবাদ সংস্থা ISNA জানিয়েছে, তেহরানের মূল লক্ষ্য হলো সংঘাতের অবসান ঘটানো এবং বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ তেল পরিবহণ পথ হরমুজ প্রণালীতে নিরাপত্তা নিশ্চিত করা।

এদিকে, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু গতরাতে মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে কথা বলেছেন। দুই নেতা চলতি সংঘর্ষ বিরতি আলোচনা এবং আঞ্চলিক নিরাপত্তা নিয়ে আলোচনা করেছেন। মার্কিন প্রেসিডেন্ট আরও বলেন, ওয়াশিংটন, ইরানের ইউরেনিয়ামের মজুদ কর্মসূচীর ওপর নিবিড়ভাবে নজর রাখছে এবং যেকোনো অবাঞ্ছিত ঘটনায় তাৎক্ষণিক সামরিক ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন।

এদিকে, ইরান সতর্ক করেছে, হরমুজ প্রণালীতে মার্কিন নৌ অভিযানের পাশাপাশি ফরাসি বা ব্রিটিশ যুদ্ধজাহাজের যেকোনো মোতায়েনের বিরুদ্ধে কঠোর ও তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেওয়া হবে। অন্যদিকে, ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টার্মারের নেতৃত্বে উপসাগরীয় অঞ্চলে নৌ-চলাচলের স্বাধীনতা পুনরুদ্ধারের চেষ্টায় বিমানবাহী রণতরী শার্ল দ্য গল এই অঞ্চলের দিকে অগ্রসর হচ্ছে।

oooooooooooooooooooooo

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের আমন্ত্রণে আগামী ১৩ থেকে ১৫ মে সেদেশ সফর করবেন। প্রায় ন' বছরের মধ্যে কোনো মার্কিন প্রেসিডেন্টের এটিই প্রথম চীন সফর।

যুক্তরাষ্ট্র-ইজরায়েল-ইরান যুদ্ধ, হরমুজ প্রণালীর অবরোধ, বিশ্বব্যাপী জ্বালানি সংকট ও তাইওয়ান সমস্যা সহ বিভিন্ন বিষয়ের মধ্যে এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ।

মার্কিন প্রেসিডেন্টের প্রিন্সিপাল ডেপুটি প্রেস সেক্রেটারি আনা কেলি বলেছেন, ট্রাম্প বুধবার সন্ধ্যায় বেজিংয়ে পৌঁছাবেন। হংকং-ভিত্তিক সাউথ চায়না মর্নিং পোস্ট সংবাদপত্রের প্রতিবেদন অনুযায়ী, মার্কিন প্রেসিডেন্ট বৃহস্পতিবার একটি আমন্ত্রণ অনুষ্ঠানে এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে একটি দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন।

oooooooooooooooooooo

রাশিয়া, ন্যাটো বা জার্মানির সঙ্গে যুদ্ধ চায় না বলে সেদেশের জার্মানিতে নিযুক্ত সেদেশের রাষ্ট্রদূত জানিয়েছেন। জার্মানিতে নিযুক্ত রুশ রাষ্ট্রদূত সের্গেই নেচায়েভ সতর্ক করে বলেছেন, ইউরোপে একটি 'যৌথ পারমাণবিক শক্তি প্রতিরোধ' সংক্রান্ত আলোচনা ওই মহাদেশের কৌশলগত ভারসাম্যকে বদলে দিতে পারে। বার্লিনে একটি আলোচনায় নেচায়েভ বলেন, ইউরোপে পারমাণবিক হুমকির যেকোনো ঘটনা, রাশিয়াকে তার পারমাণবিক শক্তি ব্যবহার নিয়ে ভাবতে বাধ্য করবে। তিনি সতর্ক করে বলেন, সামরিক হুমকির সম্মুখীন হলে মস্কো প্রতিরক্ষা ক্ষেত্রে সংযম দেখাতে পারবে না।

এদিকে, রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ইউক্রেনে রুশ সেনারা সমগ্র ন্যাটো জোট সমর্থিত একটি আগ্রাসী শক্তির বিরুদ্ধে লড়াই করছে। মস্কোর রেড স্কোয়ারে বিজয় দিবসের কুচকাওয়াজে বক্তব্য রাখার সময় তিনি এ কথা যোগ করেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে আজ প্রথম মন্ত্রিসভার বৈঠকে এক গুচ্ছ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্নের ১৪ তলায় ক্যাবিনেট রুমে মন্ত্রিসভার বৈঠকের পর সংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, আজ থেকেই আয়ুষ্মান ভারত প্রকল্পে – এ

রাজ্যকে যুক্ত করা হলো। সীমান্তে কাঁটা তারের বেড়া দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে জমি হস্তান্তর করা হবে। আজই পশ্চিমবঙ্গে জন গণনার কাজ শুরু হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

(বাইট – শুভেন্দু)

শপথ নেওয়া পাঁচ মন্ত্রী দিলীপ ঘোষ, অগ্নিমিত্রা পাল, অশোক কির্তনীয়া, ক্ষুদিরাম টুডু ও নিশিথ প্রামাণিককের সঙ্গে আজ বৈঠক করেন তিনি।

উল্লেখ্য নবান্নে পৌঁছনোর পরই নতুন মুখ্যমন্ত্রীকে গার্ড অফ অনার দেওয়া হয়। তাঁকে স্বাগত জানান মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা এবং স্বরাষ্ট্র সচিব সংঘমিত্রা ঘোষ। উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্দিনাথ গুপ্তা, কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দ এবং পুলিশ প্রশাসনের অন্য আধিকারিকরা।

এর আগে আজ সকালে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিজেপি-র রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্যের বাড়িতে যান। সেখানে দু-জনে বৈঠকে বসেন।

এরপর রাজ্য সভাপতির সঙ্গে সল্টলেকের দলীয় কার্যালয়ে গেলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে বিশেষভাবে স্বাগত জানান বিজেপি কর্মীরা।

oooooooooooooooooooo

নবনির্বাচিত তামিলনাড়ু বিধানসভার প্রথম অধিবেশন আজ শুরু হবে। অস্থায়ী অধ্যক্ষ এম ভি কারুপ্পাইয়া নবনির্বাচিত বিধায়কদের শপথবাক্য পাঠ করাবেন। সকল সদস্যের শপথ গ্রহণের পর আজ বা কাল কক্ষের অধ্যক্ষ নির্বাচিত হবেন। তামিলগা ভেট্রি কাজাগাম (টিভিকে) প্রধান সি জোসেফ বিজয়ের নেতৃত্বাধীন নতুন সরকারকে এই মাসের ১৩ তারিখের মধ্যে তাদের সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে হবে।

ooooooooooooooooooo

আসামের রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রাজ্যে নতুন সরকার গঠনের জন্য, ডঃ হিমন্ত বিশ্ব শর্মাকে আমন্ত্রণ জানিয়েছেন। বিজেপি-নেতৃত্বাধীন এনডিএ জোটের বিধানসভা দলের নেতা হিসেবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হওয়ার পর, শ্রী শর্মা জোটের নেতাদের উপস্থিতিতে লোক ভবনে রাজ্যপালের সঙ্গে দেখা করেন এবং আনুষ্ঠানিকভাবে সরকার গঠনের দাবি জানান।

শ্রী শর্মা এবং নতুন মন্ত্রী পরিষদের সদস্যরা আগামিকাল শপথবাক্য পাঠ করবেন। এই শপথগ্রহণ অনুষ্ঠানটি খানাপাড়ার ভেটেরিনারি কলেজ খেলার মাঠে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং বিজেপি সভাপতি নিতিন নবীনসহ আরও অনেকের ওই অনুষ্ঠানে উপস্থিত থাকার কথা।

বিজেপি, অসম গণ পরিষদ এবং বোডোল্যান্ড পিপলস ফ্রন্ট নিয়ে গঠিত এনডিএ জোট আসামের বিধানসভা নির্বাচনে ১২৬ সদস্যের বিধানসভায় ১০২ টি আসন জিতে বিপুল জনাদেশ লাভ করেছে। বিজেপি পেয়েছে ৮২টি আসন এবং অগপ ও বিপিএফ প্রত্যেকে ১০টি করে আসন জিতেছে।

অগপ প্রধান অতুল বোরা এবং বিপিএফ নেতা রিহন দাইমারিও রাজ্যপালের কাছে নতুন সরকারের প্রতি সমর্থনপত্র জমা দিয়েছেন।

২০১৬ সালে তৎকালীন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়ালের নেতৃত্বে বিজেপি নেতৃত্বাধীন জোট প্রথমবার ক্ষমতায় আসার পর, এটি রাজ্যে এনডিএ-র টানা তৃতীয় মেয়াদ।

oooooooooooooooooooooo

কেন্দ্র, বিকশিত ভারত গ্রামীণ কর্মনিশ্চয়তা এবং আজীবিকা মিশন - ভি বি জি রাম জি আইন ২০২৫ বাস্তবায়নের জন্য বিজ্ঞপ্তি জারী করেছে। চলতি বছর পয়লা জুলাই থেকে দেশব্যাপী এই আইন কার্যকর হবে। গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, এই আইনের অধীনে গ্রামীণ ভারতের ক্ষমতায়নে প্রতি অর্থবর্ষে ১২৫ দিনের কাজ সুনিশ্চিত হবে। নতুন এই রূপরেখার অধীনে কাজ শুরুর জন্য চলতি অর্থবর্ষে ৯৫ হাজার ৬শো৯২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে আকাশবাণীর সংবাদিদাতা জানিয়েছেন।

উল্লেখ্য, ২০০5 সালে চালু হওয়া ২০ বছরের পুরনো মহাত্মাগান্ধী গ্রামীণ কর্ম নিশ্চয়তা প্রকল্পে ১শো দিনের কাজের বদলে নতুন ভি বি জি রাম জি আইন আনা হয়েছে।

oooooooooooooooooooo

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব আজ নতুন দিল্লি থেকে অস্ট্রেলিয়ার জলবায়ু ও জ্বালানি মন্ত্রী ক্রিস বোয়েনের সঙ্গে একটি ভার্চুয়াল বৈঠক করেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে ভূপেন্দ্র যাদব জানান, কনফারেন্স অফ পার্টিস বা কপ ৩১-এর অগ্রাধিকার এবং চলতি

**বছরের শেষের দিকে অনুষ্ঠানের মূল আলোচ্যসূচি নিয়ে আলোচনা করেছেন। তিনি জানান, ভারত ২০৩১-৩৫ সালের ইউএনএফসিসি-তে জাতীয় প্রতিশ্রুতিবদ্ধ কর্মসূচির বর্ধিত পরিকল্পনা জমা দিয়েছে। ভারত যে পরিবেশরক্ষায় দায়বদ্ধ, এর মাধ্যমেই তার প্রমাণ মিলেছে।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ জাতীয় প্রযুক্তি দিবস। **১৯৯৮** সালের এই দিনেই পোখরানে সফল পারমাণবিক পরীক্ষার মাধ্যমে ভারত নিজের প্রযুক্তিগত সক্ষমতা প্রমাণ করেছিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এই উপলক্ষ্যে দেশের প্রযুক্তিবিদ ও গবেষকদের শুভেচ্ছা জানান। সমাজমাধ্যমের এক বার্তায় **প্রধানমন্ত্রী** বলেন, ভারত আজ গর্বের সঙ্গে সেই বিজ্ঞানীদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠাকে স্মরণ করছে, যাঁদের নিরলস প্রচেষ্টায় **১৯৯৮** সালে পোখরানে সফল পারমাণবিক পরীক্ষা সম্ভব হয়েছিল। একটি আত্মনির্ভরশীল জাতি গঠন করতে, উদ্ভাবনকে ত্বরান্বিত করতে, সুযোগ সম্প্রসারণে এবং দেশের সর্বক্ষেত্রে বৃদ্ধিতে প্রযুক্তি একটি প্রধান স্তম্ভ হয়ে উঠেছে বলেও তিনি উল্লেখ করেন।

শ্রী শাহ বলেন, সরকার একাধিক যুগান্তকারী উদ্যোগের মাধ্যমে উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে ভারতের সমৃদ্ধির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

দেশের বিজ্ঞানী, ইঞ্জিনিয়ার এবং গবেষকদের একনিষ্ঠতা ও উদ্ভাবনী শক্তির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। এক সোশ্যাল মিডিয়া বার্তায় তিনি দেশের কৌশলগত সক্ষমতা বৃদ্ধি এবং অগ্রগতির নেপথ্যে থাকা কারিগরদের নিরলস প্রচেষ্টাকে কুর্নিশ জানান। সেই ঐতিহাসিক মুহূর্তের কথা স্মরণ করে শ্রী সিং তৎকালীন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর সুযোগ্য নেতৃত্ব এবং অসামান্য রাজনৈতিক সাহসিকতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইপিএল ক্রিকেটে হিমাচল প্রদেশের HPCA স্টেডিয়ামে আজ পাঞ্জাব কিংস, দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে ৭ টায়।

অন্যদিকে, গতকাল রায়পুরে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু, দুই উইকেটে মুম্বাই ইন্ডিয়ান্সকে ও চেন্নাই সুপার কিংস পাঁচ উইকেটে লখনউ সুপার জায়ান্টসকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদকে ২-০ গোলে হারিয়ে ২০২৫-২৬ মরসুমের লা লিগ খেতাব জয় করেছে এফসি বার্সেলোনা। এই জয়ের ফলে পয়েন্ট তালিকায় রিয়াল মাদ্রিদের থেকে ১৪ পয়েন্টে এগিয়ে গিয়ে টানা দ্বিতীয় বছরের জন্য লিগ নিজেদে দখলে নিল বার্সা। এই ম্যাচে চোটের কারণে রিয়াল মাদ্রিদের হয়ে মাঠে নামতে পারেননি কিলিয়ান এমবাপ্পে। ম্যাচের শুরু থেকেই দাপট দেখায় বার্সেলোনা। খেলা ৯ মিনিটের মাথায় মার্কাস র‍্যাশফোর্ড গোল করে দলকে এগিয়ে দেন। এরপর ১৪ মিনিটে দানি ওলমোর পাস থেকে ব্যবধান বাড়ান ফেরান তোরেস। রিয়াল মাদ্রি ম্যাচে ফেরার চেষ্টা করলেও জুড বেলিংহাম বা ভিনিসিয়াস জুনিয়ররা বার্সার রক্ষ-ভাঙতে পারেননি। বার্সেলোনা গোলরক্ষক জোয়ান গার্সিয়া বেশ কিছু দুর্দান্ত সেভ কে দলের জয় নিশ্চিত করেন। লা লিগা এবং সুপার কাপ জয়ের এই আনন্দ উদযাপন করতে আজ বার্সেলোনা শহ জুড়ে একটি বর্ণাঢ্য প্যারেড বা শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০